



বগুড়া ১ শনিবার দুপুরে জেলা পরিষদ মিলনায়তনে স্থল উপবৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী খালেদা জিয়ার জ্যেষ্ঠ পুত্র তারেক রহমান - জনকণ্ঠ

বগুড়ার ভাল কলেজকে পুরস্কার দেয়ার ঘোষণা দিলেন তারেক রহমান

স্টাফ রিপোর্টার, বগুড়া অফিস ॥ প্রধানমন্ত্রী খালেদা জিয়ার জ্যেষ্ঠপুত্র তারেক রহমান আগামী উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলে বগুড়ার সবচেয়ে ভাল কলেজকে তার ব্যক্তিগত তহবিল থেকে বিশ হাজার টাকা পুরস্কার দেবেন। একই সঙ্গে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতিত্ব বগুড়ার সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীকে তার পরবর্তী উচ্চশিক্ষার সমস্ত ব্যয়ভার বহন করবেন। তারেক

রহমান শনিবার দুপুরে বগুড়া জেলা পরিষদ মিলনায়তনে জেলা পরিষদের উদ্যোগে মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখতে গিয়ে এ ঘোষণা দেন। জেলা পরিষদ এ বছর জেলার ৪৮' ৬১ মেধাবী শিক্ষার্থীকে মোট ২ লাখ ৬১ হাজার টাকা বৃত্তি প্রদান করে। তারেক রহমান মেধাবী শিক্ষার্থীদের হাতে বৃত্তির অর্থ তুলে দেন। তারেক রহমান বলেন, উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যে কলেজে নকল হবে সেই কলেজের সবকারী সকল সুযোগ সুবিধা বন্ধ করে দেয়া হবে। বগুড়ার জেলা প্রশাসকের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন স্থানীয় সংসদ সদস্য ও বিএনপির জেলা পর্যায়ের নেতৃবৃন্দ।